ডেমক্রেসিওয়াচ ইনহাউজ বুলেটিন

সাপ্তাহিক জনগনের দরবার বুলেটিন - ৩

১ম বর্ষ, ৩য় সংখ্যা — ২২ সেপ্টেম্বর ২০০৪

ফতেপুর ইউপি চেয়ারম্যানের উন্মুক্ত বাজেট ঘোষণা

যশোর সদর থানার ফতেপুর ইউনিয়ন চেয়ারম্যান বি এম মঞ্জুরুল ইসলাম বিটু এই প্রথম ২০০৪-২০০৫ অর্থ বছরের বাজেট জনসম্মুখে ঘোষণা করেছেন। এ উপলক্ষে গত ৫ সেপ্টেম্বর সকাল ১১টায় ফতেপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে অনুষ্ঠিত এক বিশাল অনুষ্ঠানে তিন শতাধিক ইউনিয়নবাসীর সামনে ১৮ লক্ষ ১৯ হাজার ৭ শ ৮ টাকার বাজেট ঘোষণা করেন। তিনি বলেন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এবং গণতন্ত্রের ভিত্তি সুদৃঢ় করতে উন্মুক্ত বাজেট অনুষ্ঠান গণতন্ত্রের এক বিরল দৃষ্টান্ত হয়ে থাকবে। এ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল, প্রোগ্রাম অফিসার মোঃ নুরুন নবী যুগল ও সহকারী প্রোগ্রাম অফিসার মহিউদ্দীন মঈন, জনগনের দরবারের কর্মকর্তা শরীফুল হক, মুজতবা শামীম, পরামর্শ কমিটির সদস্য ও কয়েক জন ইউপি প্রতিনিধি। উল্লেখ্য বাজেট ঘোষণার আগে চেয়ারম্যান ইউপি সদস্য, মহিলা সদস্য ও পরামর্শ কমিটির সদস্যদের সাথে বেশ কয়েকবার প্রাক বাজেট আলোচনায় অংশ নেন। ডেমক্রেসিওয়াচের উদ্যোগে ও স্বপ্ন সাহায্য সংস্থার সহযোগিতায় এবং ড্যানিডার অর্থায়নে জনগনের দরবার এর কার্যক্রমের অংশ হিসেবে এই বাজেট অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দিনাজপুরে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা

জনগনের দরবারের কার্যক্রম নিয়ে গত ১৪ সেপ্টেম্বর সকালে দিনাজপুরের ঘোড়াঘাট থানার সিংড়া ইউপির জনগনের দরবার অফিসে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক সম্মেলনের উদ্দেশ্য হচ্ছে থানা পর্যায়ে জনগনের দরবার এর কার্যক্রম ব্যাপকভাবে সাধারণ মানুষকে জানানো এবং এই প্রক্রিয়ায় সবাইকে সম্পৃক্ত করার প্রচেষ্টা। সাংবাদিক সম্মেলনে ডেমক্রেওসিয়াচ ও স্থানীয় জনগনের দরবারের কর্মীরা উপস্থিত ছিলেন। ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নুরুন নবী সাংবাদিকদের জনগনের দরবার প্রকল্প সম্পর্কে ধারনা দেন। সাংবাদিক সম্মেলনে জাতীয় ও স্থানীয় পত্রিকার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন। উপস্থিত সাংবাদিকরা এ প্রকল্পের সহায়তায় এগিয়ে আসার প্রতিশ্রুতি দেন।

নীলফামারীতে সাংবাদিক সম্মেলন

জনগনের দরবার এর গত এক বছরের সাফল্য নিয়ে ১৫ সেপ্টেম্বর সকাল ১১টায় স্থানীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। ডেমক্রেসিওয়াচ ও সহযোগী সংগঠন নীলাচলের উদ্যোগে এ সাংবাদিক সম্মেলনে জনগনের দরবার এর গত এক বছরের সাফল্য, চ্যালেঞ্জ ও বাধাগুলো নিয়ে আলোচনা হয়। জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রায় সব সাংবাদিকই ৩ ঘন্টাব্যাপী এই প্রানবন্ত আলোচনায় অংশ নেন। জনগনের দরবার এর প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল, কর্তকর্তা গোলাম কিবরিয়া সিজু ও শামীম আল মামুন বক্তব্য রাখেন।

নীলফামারীতে জনগনের দরবার এর উদ্দেশ্য ও গুরুত্ব নিয়ে জেলা সেমিনার

জনগনের গণতান্ত্রিক ইচ্ছার কার্যকর রূপায়নের জন্য ইউনিয়ন পরিষদের কোন বিকল্প নেই। ইউনিয়ন পরিষদের সার্বিক উন্নয়ন ও সেবার মান বাড়ানোর লক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন ও সাধারণ মানুষকে ব্যাপকভাবে উদ্বুদ্ধ করে একটি আদর্শ ও উন্নত ইউনিয়ন পরিষদ গড়ে তোলার জন্যই জনগনের দরবার কাজ করছে। এই কার্যক্রম নিয়ে সুশীল সমাজের অন্যান্য নেতৃবৃন্দের সাথে গত ১৫ সেপ্টেম্বর বিকাল ৩টায় স্থানীয় পৌর মিলনায়তনে অনুষ্ঠিত হয় এক জেলা সেমিনার। সভায় সভাপতিত্ব করেন ব্যবসায়ী ও সমাজ সেবক গোলাম সারওয়ার।

আলোচনায় অংশ নেন এ্যাড. রোকসানা আনজুম লিজা, এ্যাড. মোঃ আশরাফুল লতিফ, উপাধ্যক্ষ মোঃ খয়রাত হোসেন, সাংবাদিক হাসান রাব্বী, শাহীন জাহাঙ্গীর আলম, রাজনৈতিক নেতা সেলিম ফারুক প্রমুখ। বক্তারা বলেন, স্থানীয় পর্যায়ে জনগনের দরবার ইতিমধ্যে যে কার্যকর ভূমিকা রেখেছে তা সত্যিই প্রশংসনীয়। পাশ্ববর্তী কয়েকটি ইউনিয়নেও এই কার্যক্রম পরিচালনার দাবী করেন উপস্থিত কয়েকজন বক্তা। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল।

নীলফামারীতে সহস্র মানুষের সমাবেশ “তোমার আমার সবার জনগনের দরবার”

গত ১৬ সেপ্টেম্বর বিকাল ৪টায় খগাখড়িবাড়ী অফিস প্রাঙ্গনে এই প্রথম কোনো নাগরিক সংগঠন তাদের সমাবেশে সহস্র মানুষের জমায়েত করেছিল। চেয়ারম্যান, মেম্বার, পরামর্শ কমিটির সদস্যদের বক্তব্য আর কিছুক্ষণ পরপরই “তোমার আমার সবার জনগনের দরবার” এই স্লোগানে মুখরিত ছিল সারাক্ষণ। জনসমাবেশে বক্তারা ইউনিয়ন পরিষদের উন্নয়নে সাধারণ মানুষের আরো সম্পৃক্ত করার প্রতি গুরুত্ব আরোপ করেন।

সিংড়ায় জনসমাবেশ

ডেমক্রেসিওয়াচের জনগনের দরবার এর উদ্যোগে ও সহযোগী সংগঠন প্রদীপের সহায়তায় গত ১৪ সেপ্টেম্বর দিনাজপুরের সিংড়া ইউপি মিলনায়তনে এক জনসমাবেশ অনুষ্ঠিত হয়। জনসমাবেশে প্রধান অতিথি ছিলেন সিংড়া ইউপি চেয়ারম্যান মোঃ মজিবর রহমান প্রধান।

তিনি তার বক্তব্যে বলেন- জনগনের দরবারের কার্যক্রম একটি ভিন্ন ধরনের উদ্যোগ এবং তিনি জনগন ও ইউপি প্রতিনিধিদের মধ্যকার দুরত্ব নিরসনের জন্য জনগনের দরবারকে ধন্যবাদ জানান। জনসমাবেশে আরো বক্তব্য রাখেন ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নুরন নবী, সহকারী প্রোগ্রাম অফিসার মহিউদ্দীন মঈন, স্থানীয় জনগনের দরবার এর প্রোগ্রাম অফিসার আব্দুর রহমান ও আসাদুজ্জামান সবুজ, সিংড়া ইউপি সদস্য শাহজালাল, পরামর্শ কমিটির সদস্য মুজাহিদুল হক ও শাহ আব্দুল কাদের রওশন আরা প্রমুখ।

যশোরের রামনগর ইউনিয়নকে আদর্শ ইউনিয়ন ঘোষণা

বেসরকারী মানবাধিকার ও সুশাসন সংস্থা ডেমক্রেসিওয়াচ স্থানীয় স্বপ্ন সাহায্য সংস্থার সহায়তায় যশোর সদরের রামনগর ইউনিয়নকে আদর্শ ইউনিয়ন ঘোষণা করেছে। ৭ সেপ্টেম্বর সকাল ১০টায় স্থানীয় জনগনের দরবার কর্মশালায় রামনগর ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. আফজাল হোসেন, ইউপি সচিব, সকল ইউপি প্রতিনিধি ও সাধারণ জনগনের উপস্থিতিতে এক সভায় বলেন, রামনগর ইউনিয়ন এখন একটি আদর্শ ইউনিয়ন হিসেবে গড়ে উঠেছে।

জনগনের সামনে অংশগ্রহণমূলক উন্মুক্ত বাজেট পেশ, সকল স্ট্যান্ডিং কমিটি গঠন ও নিয়মিত সভার আয়োজন, নিয়মিত জন্ম-মৃত্যু নিবন্ধন, নোটিশ বোর্ডে ইউপির বিভিন্ন তথ্যাদি প্রদর্শন, উন্নয়ন সংক্রান্ত কাজে মহিলাদের অংশগ্রহণ বৃদ্ধি, বিভিন্ন ওয়ার্ডে ওয়ার্ডে পরামর্শ কমিটি গঠন করে তাদের কাছ থেকে উন্নয়নমূলক সুপারিশ গ্রহণ, গ্রাম্য আদালত নুতন করে চালু করার উদ্যোগ এবং বিভিন্ন জনহিতকর কার্যক্রম পরিচালনার মধ্য দিয়ে রামনগর ইউনিয়ন ইতোমধ্যেই সকল মহলের দৃষ্টি আকর্ষণ করেছে। এছাড়াও জনগনের দরবারে এসে নিয়মিত পত্রিকা পাঠ করছে অনেকেই। বাড়ছে সচেতন পাঠক। উঠান বৈঠকের মাধ্যমে মেয়েদের অংশগ্রহণ বেড়েছে। পরামর্শ কমিটির সহায়তায় সাধারণ জনগণ ৪ নং ওয়ার্ডের ভাটপাড়ায় একটি গুরুত্বপূর্ণ রাস্তা মেরামত করেছে। ৪, ৮ ও ৯ নং ওয়ার্ডে পরামর্শ কমিটি নৈশ প্রহরীর ব্যবস্থা করেছে। ৩ নং ওয়ার্ডে ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন ঘটানো হয়েছে। ব্লক সুপারভাইজার নিয়মিত কাজ করার প্রতিশ্রুতি দিয়েছেন এবং চেয়ারম্যান প্রতিমাসে একবার সাধারণ জনগনের সাথে দরবার অফিসে বসছেন।

ইউপি প্রতিনিধিদের দিনব্যাপী অবহিতকরণ কর্মশালা

জনগনের দরবার এর কার্যক্রম, ইউপি প্রতিনিধিদের দায়িত্ব ও কর্তব্য, ইউনিয়ন পরিষদ পারফরমেন্স এ্যাসেসমেন্ট ও পরামর্শ কমিটি বিষয়ে অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়ে গেলো সম্প্রতি। ডেমক্রেসিওয়াচের কর্মকর্তাগণ এই প্রশিক্ষণ পরিচালনা করেন।

গত ৬ সেপ্টেম্বর যশোরের রামনগর ও ৭ সেপ্টেম্বর ফতেপুর, ১২ সেপ্টেম্বর গাজীপুরের বাসন, ১৫ সেপ্টেম্বর দিনাজপুরের সিংড়া ও বুলাকীপুর এবং ১৬ সেপ্টেম্বর নীলফামারীতে এই অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রায় সকল ইউপি'র চেয়ারম্যান, মেম্বার ও সচিবগণ উপস্থিত ছিলেন।

জনগনের দরবার এর কার্যক্রম পরিদর্শনে ড্যানিডার উচ্চ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ

জনগনের দরবার এর কার্যক্রম পরিদর্শনে গত ২১ সেপ্টেম্বর বিকেল ৪টায় ডেনমার্কের ৪ সদস্য বিশিষ্ট একটি দল ডেমক্রেসিওয়াচে আসেন। প্রতিনিধিদের সাথে আলোচনায় উপস্থিত ছিলেন ডেমক্রেসিওয়াচের পরিচালক সুমিত রেহমান, প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল, মোঃ নুরুন নবী যুগল। আগত দলটি জনগনের দরবারের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। উল্লেখ্য জনগনের দরবার এর কার্যক্রম দেখার জন্য দলটি আগামী ২৫ সেপ্টেম্বর বিকেলে যশোর যাবেন।

কনসার্ন বাংলাদেশ জনগনের দরবার পরিদর্শন করবে

আগামী ২৭ ও ২৮ সেপ্টেম্বরে কনসার্ন বাংলাদেশের একটি উচ্চ পর্যায়ের দল জনগনের দরবার এর কার্যক্রম পরিদর্শন করবেন। সিলেটের গোয়াইন ঘাটের একটি ইউনিয়নের ১৩ জন ইউপি প্রতিনিধিও এই সফরে অংশগ্রহণ করবেন।

২৯ সেপ্টেম্বর অভিজ্ঞতা বিনিময় সভা

আগামী ২৯ সেপ্টেম্বর যশোরের রামনগর জনগনের দরবার অফিসে দিনব্যাপী এক অভিজ্ঞতা বিনিময় কর্মশালা অনুষ্ঠিত হবে। প্রকল্পের সকল প্রোগ্রাম অফিসার ও সহকারী প্রোগ্রাম অফিসারগণ এই কর্মশালায় অংশগ্রহণ করবেন। কর্মশালার উদ্দেশ্য হচ্ছে কার্যক্রম বাস্তবায়নের সাফল্য, চ্যালেঞ্জ ও বাঁধাগুলোকে উপস্থাপন করা যাতে ভবিষ্যৎ কার্যক্রম বাস্তবায়নের কৌশলগুলো আরো পরিকল্পিতভাবে নির্ধারণ করা সম্ভব হয়। কর্মশালায় সকল অফিসকে আলাদা আলাদা লিখিত বক্তব্য প্রদানের অনুরোধ করা হয়েছে।

জনগনের দরবার এর পরবর্তী কর্মসূচী

১. ড্যানিডা প্রকল্প এলাকা পরির্দশন, যশোর, ২৫ সেপ্টেম্বর ২০০৪।
   - ফতেপুরে পরামর্শ কমিটি ও দুপুরে ২টায় ড্যানিডার প্রতিনিধিদের সাথে বৈঠক।
   - রামনগরে বিকেল ৪টায় পরামর্শ কমিটি ও ইউপি প্রতিনিধিদের সাথে আলোচনা।

২. অভিজ্ঞতা বিনিময় সভা, যশোর রামনগর ইউনিয়ন ২৮ সেপ্টেম্বর ২০০৪।

ইউনিয়ন পরিষদের গত নয় মাসের পর্যবেক্ষণ প্রতিবেদন

অক্টোবর ২০০৩ - জুন ২০০৪

বিভিন্ন সন্ত্রাসী হামলায় গত ৯ মাসে ১১ ইউপি চেয়ারম্যান ও ২৬ ইউপি সদস্য নিহত

(পূর্ব প্রকাশের পর) **মামলা ঃ** গত নয় মাসে ইউপি প্রতিনিধিদের বিরুদ্ধে ৩৬ টি মামলা হয়েছে, ১ ইউপি প্রতিনিধিকে মৃত্যুদন্ড , ৪ ইউপি প্রতিনিধিকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেয়া হয়েছে ও ৭ ইউপি প্রতিনিধিকে পৃথক পৃথক মামলায় গ্রেফতার করা হয়েছে। এছাড়া চাঞ্চল্যকর বীরগঞ্জ হত্যা মামলায় একজন চেয়ারম্যানের বিরুদ্ধে চার্জসীট দাখিল করা হয়েছে।

অক্টোবর ঃ গত অক্টোবর মাসে বিভিন্ন পত্র পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে দেখা গেছে যে ধর্ষণ, নির্যাতনের তথ্য জালিয়াতি, চাল বিতরণে অনিয়ম, ভিজিএফ কার্ড সংক্রান্ত দূর্নীতি, সন্ত্রাসী হামলায় সহযোগিতা ইত্যাদি কারণে সারা দেশে মোট ৪ জন মেম্বার এবং ৫ জন চেয়ারম্যানের নামে মামলা হয়েছে।

নভেম্বর ঃ নভেম্বর মাসে ভি.জি. এফ - এর চাল বিতরনের দূর্নীতির ঘটনায় সারা দেশে গত নভেম্বর পর্যন্ত ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের বিরুদ্ধে মোট ১৭ টি মামলা হয়েছে।

ডিসেম্বর ঃ গত ডিসেম্বর মাসে সারাদেশে ২ জন ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে মহিলা মেম্বার লাঞ্ছিত এবং অপহরণের দায়ে মামলা হয়েছে। চরমপন্থী বন্দুক যুদ্ধ সংক্রান্ত মামলায় পাবনার ঢালার চর ইউপি চেয়ারম্যানের যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দেওয়া হয়েছে।

জানুয়ারী ঃ গত জানুয়ারী মাসে দিনাজপুরের ১ নং শিবরামপুর ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে সিআইডি পুলিশ চাঞ্চল্যকর বীরগঞ্জ হত্যাকান্ড মামলায় চার্জশীট দাখিল করেছে।

ফেব্রুয়ারী ঃ গত ফেব্রুয়ারী মাসে সারা দেশে ৩ জন ইউপি সদস্যর বিরুদ্ধে অবৈধভাবে হাউজি পরিচালনা করা, চাঁদাবাজি ও গরু চুরির অভিযোগে মামলা হয়েছে বলে পত্রিকায় প্রকাশিত খবরে জানা যায়।

মার্চ ঃ গত মার্চ মাসে চট্টগ্রামের ফটিকছড়ির পাইন্দং ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে বিয়ে বাড়িতে লুটপাটের ঘটনায় মামলা হয়েছে এবং নেত্রকোনার কেন্দুয়া উপজেলার কান্দিউড়া ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে শিশু অপহরণ মামলার রায়ে ১৪ বছরের কারাদন্ড ও ৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৫ মাসের কারাদন্ডাদেশ দেয়া হয়।

মে ঃ গত মে মাসে দ্রুত বিচার আইনে কুমিল্লার বুড়িচং সদর ইউপির চেয়ারম্যানকে ইউএনও অফিসে হামলা ও মারধোরের ঘটনায় দায়েরকৃত একটি মামলায় ৫ বছরের কারাদন্ড দেওয়া হয়। এছাড়াও চাঁদাবাজী, অস্ত্র চোরাচালান, হত্যা মামলা, অপহরণ ও জলাবদ্ধতা সৃষ্টির অভিযোগে দেশের বিভিন্ন স্থানে দায়েরকৃত পৃথক পৃথক মামলায় ৫ ইউপি প্রতিনিধি গ্রেফতার হন ।

জুন ঃ গত জুন মাসে সারা দেশে উপবৃত্তির টাকা নিয়ে সংঘর্ষ, ধর্ষণ, জমি দখল ও নারী ও শিশু নির্যাতন দমন আইনে ৪ ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে মামলা হয়েছে। বাগেরহাটের শরনখোলা উপজেলার রাজৈর ইউপি সদস্যকে একটি হত্যা মামলার রায়ে মৃত্যুদন্ড দেওয়া হয় ও অবৈধ অস্ত্র রাখার দায়ে ভোলা সদর উপজেলার দক্ষিন দিঘলদী ইউপি চেয়ারম্যানকে ১৭ বছর কারাদন্ড দেওয়া হয়। এছাড়াও নারী নির্যাতন, সংঘর্ষ ও একটি হত্যা মামলায় এক ইউপি চেয়ারম্যান ও ২ ইউপি সদস্য গ্রেপ্তার হন।

আগষ্টে ৬ জন ইউপি প্রতিনিধি খুন

"জনগনের দরবার" থেকে আগস্ট ২০০৪ এর ০১-৩১ তারিখ পর্যন্ত দেশের বিভিন্ন জাতীয় পত্র পত্রিকায় প্রকাশিত ও নিজস্ব নেটওয়াকের ভিত্তিতে ইউনিয়ন পরিষদ সংক্রান্ত রিপোর্টগুলো পর্যবেক্ষণ ও সংরক্ষণ করা হয়। এরই প্রেক্ষিতে দেখা গেছে যে গত আগষ্ট মাসে সারা দেশে বিভিন্ন সন্ত্রাসী ঘটনায় ৬ ইউপি প্রতিনিধি নিহত হন। তারা হলেন রাজবাড়ী সদর উপজেলার দাদসী ইউপি চেয়ারম্যান মোঃ জিন্নাহ খান ওরফে আম বাবু (৩৮), রাঙামাটির লংগদু উপজেলার সদর ইউপি সদস্য শুক্র চাকমা (৪৫), পাবনার আতাইকুলা থানা সাদুল্লাপুর ইউপি সদস্য আফতার উদ্দিন পুরী (৪৫), টাঙ্গাইল সদর উপজেলার হুগড়া ইউপি সদস্য ফুলচান মিয়া (৪৫), মাদারীপুর সদর উপজেলার খোয়াজপুর ইউপি সদস্য আমির হোসেন তালুকদার ও কুষ্টিয়া কুমারখালী উপজেলার জগন্নাথপুর ইউপি সদস্য সুভাষ চন্দ্র ঘোষ (৪০)।

প্রকাশনায় ঃ তালেয়া রেহমান, নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ।
ডেমক্রেসিওয়াচ ,জনগনের দরবার প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার -মোস্তফা সোহেল, প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নূরুন-নবী যুগল, নাজনীন সুলতানা, মহিউদ্দিন মইন , শামীম আল মামুন, শারমীন জাহান কামাল হোসেন ও সাফিয়া আহমেদ-এর প্রচেষ্টায়, ডেমক্রেসিওয়াচ ৭, সার্কিট হাউজ রোড, রমনা ঢাকা থেকে প্রকাশিত। ফোন- ৯৩৪৪২২৫-৬, ৯৩৬০৫৮৮-৯, ৯৩৩০৪০৫, ফ্যাক্স- ৮৩১৫৮০৭